“মিরাজের রাতের সফরে ইবরাহীম ‘আলাইহিস সালামের সঙ্গে আমার সাক্ষাত হয়। তখন তিনি বললেন, হে মুহাম্মদ! আপনার উম্মতকে আমার পক্ষ থেকে সালাম জানাবেন এবং তাদের জানিয়ে দিবেন যে জান্নাতের মাটি উত্তম আর এর পানি সুমিষ্ট

ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মিরাজের রাতের সফরে ইবরাহীম ‘আলাইহিস সালামের সঙ্গে আমার সাক্ষাত হয়। তখন তিনি বললেন, হে মুহাম্মদ! আপনার উম্মতকে আমার পক্ষ থেকে সালাম জানাবেন এবং তাদের জানিয়ে দিবেন যে জান্নাতের মাটি উত্তম আর এর পানি সুমিষ্ট। তবে তা ফাঁকা ময়দান। এর বৃক্ষ রোপন হলো سُبْحَانَ اللهِ وَالحَمْدُ لِلّهِ وَلاَ إِلَهَ إِلاَّ اللّهُ وَاللّهُ أَكْبَرُ “সুবহানাল্লাহ ওয়ালহামদু লিল্লাহ, ওয়ালা ইলাহা ইল্লাল্লাহু, ওয়াল্লাহু আকবার”। [হাদিসটি এর শাওয়াহেদ (বিভিন্ন সমার্থক হাদিস) থাকার কারণে হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলছেন যে, তিনি ইব্রাহীম খলিল আলাইহিস সালামের সাথে ইসরা ও মি'রাজের রাতে সাক্ষাৎ করেছিলেন এবং তিনি তাকে বলেছিলেন, হে মুহাম্মদ, তোমার উম্মতকে আমার সালাম জানাও এবং তাদের জানিয়ে দিন যে জান্নাতের মাটি উত্তম, পানি মিষ্টি এবং কোন লবণাক্ততা নেই। জান্নাতটি প্রশস্ত, সমতল এবং বৃক্ষবিহীন আর তার বৃক্ষরোপণ হল উত্তম-পবিত্র বাক্যসমূহ; তা হলো বাকিয়াতুস সালিহাত: سُبْحَانَ اللـهِ، وَالحَمْـدُ لِلّـهِ، وَلاَ إِلَـهَ إِلاَّ اللّـهُ، وَاللّـهُ أَكْـبَرُ [আল্লাহ্র পবিত্রতা, আল্লাহর প্রশংসা, আল্লাহ্ ছাড়া সত্য কোন উপাস্য নেই এবং আল্লাহ্ মহান] যখনই একজন মুসলিম এটা বলে এবং বার বার বলে, তার জন্য জান্নাতে একটি বীজ বপন করা হয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3791